# নির্বাচনে প্রশাসনের নিরপেক্ষতা নিয়ে শঙ্কা প্রকাশ: হাসনাত আব্দুল্লাহর



সংগৃহীত ছবি

কুমিল্লা-৪ আসনের প্রার্থী ও দক্ষিণাঞ্চলের এনসিপি নেতা হাসনাত আবদুল্লাহ নির্বাচনের আগে প্রশাসনের আচরণ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি বলেন, "আমরা দেখতে পাচ্ছি প্রশাসন যেন বিএনপির প্রতি পক্ষপাতিত্ব করছে। এ ধরনের পরিস্থিতিতে ভোট প্রক্রিয়া কতটা সুষ্ঠু হতে পারে, তা নিয়ে আমরা সতর্ক।"

শুক্রবার জেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপের সময় তিনি এ মন্তব্য করেন। একই দিনে রিটার্নিং কর্মকর্তা মু. রেজা হাসান হাসনাত আবদুল্লাহর মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেন।

জাচাই-বাছাই চলাকালীন হাসনাত আবদুল্লাহ ও তার আইনজীবী বিএনপির প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সীর হলফনামায় তথ্য গোপনের অভিযোগ তোলেন। অভিযোগের প্রেক্ষিতে দুই পক্ষের মধ্যে অন্তত আধঘণ্টা তর্ক-বিতর্ক হয়। রিটার্নিং কর্মকর্তা উভয়কে যথাযথ নিয়মে অভিযোগ দায়ের করার নির্দেশ দেন। শেষ পর্যন্ত দুই প্রার্থীরই মনোনয়ন বৈধ ঘোষণা করা হয়।

হাসনাত আবদুল্লাহ বলেন, "আমাদের কাছে প্রমাণ আছে যে একজন প্রার্থী ব্যাংক ঋণ শোধ না করেও তা গোপন করেছেন। এমনকি হাইকোর্টের স্থগিতাদেশও প্রকাশ করেননি। নির্বাচনী বিধিমালায় স্পষ্টভাবে বলা আছে, এমন তথ্য গোপন করলে প্রার্থিতা বাতিল করা যেতে পারে। কিন্তু প্রশাসন পর্যাপ্ত প্রমাণ থাকা সত্ত্বেও এ বিষয়ে কতটা নিরপেক্ষ, তা প্রশ্নবিদ্ধ।"

তিনি আরও যোগ করেন, "আমরা আশা করি ভোট সুষ্ঠু হবে। কিন্তু প্রশাসনের আচরণ দেখে মনে হচ্ছে বিএনপির পক্ষে ঢালু করা হচ্ছে। এটি স্পষ্ট।"

যাচাই-বাছাই শেষে উভয় প্রার্থী—হাসনাত আবদুল্লাহ ও মঞ্জুরুল আহসান মুন্সী—সৌজন্য সাক্ষাৎ করেন এবং প্রক্রিয়া শেষ হয় শান্তিপূর্ণভাবে।